

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৪৮/২০১২
সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখ : ০৪/০৯/২০১২খ্রিঃ
২০ ভাদ্র , ১৪১৯ বাংলা।

অনলাইনে ‘মূল্য ঘোষণা ফরম’ পূরণ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচী

এতদ্বারা সকল সম্মানিত সদস্য/সদস্যগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে, জাতীয় রাজস্ব বোর্ড এর নির্দেশে চট্টগ্রাম কাস্টমস্ কর্তৃপক্ষ অনলাইনে বি/ই এর সাথে ‘মূল্য ঘোষণা ফরম’ দাখিল বাধ্যতামূলক করতে যাচ্ছে। খুব শীঘ্রই এটি কার্যকর করা হবে। অনলাইনে ‘মূল্য ঘোষণা ফরম’ সঠিকভাবে পূরণের নিয়মাবলী সংক্রান্ত একটি প্রশিক্ষণ কর্মসূচী আগামী ০৯/০৯/১২ইং হতে এসোসিয়েশনের উদ্যোগে ও চট্টগ্রাম কাস্টমস্ কর্তৃপক্ষের সহযোগিতায় এসোসিয়েশন কার্যালয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত কর্মসূচীতে প্রত্যেক প্রতিষ্ঠান হতে ০১ (এক) জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

আগ্রহী সদস্য প্রতিষ্ঠানসমূহকে নিজ প্রতিষ্ঠানের মালিক বা ০১ (এক) জন প্রতিনিধির নাম লেটার প্যাডে লিখিত আকারে আগামী ০৬/০৯/১২ইং এর মধ্যে এসোসিয়েশন কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রশিক্ষণের সময়সূচী পরবর্তীতে অবহিত করা হবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক
চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড
ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন